দৈনিক ইত্তেফাক

তারিখ 06.JUL 1987
পৃষ্ঠা 1 কলাম 3

২১শে আষাঢ় ১৩৯৪ বাং

152

# 'বর্তমান শিক্ষা ব্যবস্থাকে ঢালিয়া সাজানো হইবে'

বরিশাল, ৫ই জুলাই (বাসস)—শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, বর্তমান শিক্ষা ব্যবস্থাকে দুর্নীতি, অসদুপায় এবং দলীয় রাজনীতি মুক্ত রাখার উদ্দেশ্যে ঢালিয়া সাজানো হইবে।

বাকেরগঞ্জ উপজেলা সদরে এক জনসভায় বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, সময়ের সহিত

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢালিয়া সাজানো হইবে

(১ম পৃঃ পর)

সামঞ্জস্য রাখিয়া শিক্ষা ব্যবস্থার একটি পরিবর্তনের জন্য সমগ্র জাতি অধীর আগ্রহে অপেক্ষা করিতেছি।

স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের সমস্যার কথা উল্লেখ করিয়া শিক্ষামন্ত্রী বলেন, ৭৫ বছরের অধিক পুরাতন এবং ধ্বংসপ্রাপ্ত ও ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলি পুনর্নির্মাণ ও মেরামত করা হইবে। জাতীয় পার্টির হুইপ রুহুল আমিন হাওলাদারও অনুষ্ঠানে বক্তৃতা করেন।